গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.২০০ তারিখ: ১ শ্রাবণ ১৪২৬
১৬ জুলাই ২০১৯

বিষয়: **রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলার 'লংগদু মডেল কলেজ' জাতীয়করণ।**

সূত্র: ১। প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নং-০৩.০৭৪.৩৭.০৪৮.০০.০০৩.২০১৮(অংশ)-১৭৯ তারিখ ২০/০৫/২০১৯ খ্রি:
২। জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর স্মারক নং ০৫.৪২.৮৪০০.২০৫.১২.০০৬.১৯-৩৯০, তারিখ: ০৭.০৭.২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলায় অবস্থিত 'লংগদু মডেল কলেজ' জাতীয়করণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক যাচিত নিম্নবর্ণিত তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো:

ক.নামপরিবর্তনের কারণ: রাঙ্গামাটি জেলা সদর হতে ৮০ কিমি দূরে প্রত্যন্ত জনপদে অবস্থিত একমাত্র এমপিওভুক্ত ও পাঠদানের স্বীকৃতিপ্রাপ্ত কলেজ লংগদু মডেল কলেজ। সৌদি আরব ভিত্তিক আন্তর্জাতিক সংস্থা রাবেতা আলমে ইসলামী ট্রাস্ট এর নামানুযায়ী কলেজটি রাবেতা মডেল কলেজ নামে ০১ নভেম্বর ১৯৯৫ খ্রি. তারিখে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে কলেজটি রাবেতা আলমে ইসলামী ট্রাস্ট কর্তৃক পরিচালিত হতো। ১৯৯৮-২০০৮ সাল পর্যন্ত মীর কাশেম আলী উক্ত ট্রাস্ট কর্তৃক মনোনীত সভাপতি ছিল। ২০০৬ সালে উক্ত সংস্থার কার্যক্রম বন্ধ হয়ে গেলে কলেজটি ইবনে সিনা ট্রাস্ট এর অধীনে পরিচালিত হয় এবং ২০০৮-২০১৮ সাল পর্যন্ত প্রফেসর ড. এ কে এম সদরুল ইসলাম কে এ ট্রাস্ট সভাপতি মনোনীত করে। পরবর্তীতে মীর কাশেম আলী বিজ্ঞ আদালত কর্তৃক যুদ্ধাপরাধের দায়ে দোষী সাব্যস্ত হয় এবং মৃত্যুদন্ড রায় কার্যকর হয়। যুদ্ধাপরাধী মীর কাশেম আলীর মতো ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ১৯৯৮-২০০৮ সাল পর্যন্ত সভাপতির দায়িত্ব থাকার কারণে এ কলেজের নাম ও পরিচালনা কমিটি পরিবর্তনের জন্য লংগদু উপজেলার সর্বস্তরের জনগণ দাবী তোলেন এবং দাবী অনুযায়ী জনপ্রতিনিধি, শিক্ষ/কর্মচারী, মাননীয় সংসদ সদস্য ও সেনাবাহিনীর প্রচেষ্টায় গত ৩১ জুলাই ২০১৮ তারিখে গভর্নিং বডির সভায় উপজেলা সদরের নামানুসারে কলেজটির নাম লংগদু মডেল কলেজ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সেনাবাহিনীর ২৪ পদাতিক ডিভিশনের জিওসি জনাব এসএম মতিউর রহমান মহোদয় ০১ অক্টোবর ২০১৮ খ্রি. তারিখ কলেজ এর নাম পরিবর্তন করে লংগদু মডেল কলেজ নামকরণের জন্য ০২-১০-২০১৮ খ্রি. তারিখ শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর সুপারিশের আলোকে ২৫-১১-২০১৮ খ্রি. তারিখ শিক্ষা মন্ত্রণালয় লংগদু উপজেলাধীণ রাবেতা মডেল কলেজ এর নাম পরিবর্তন করে লংগদু মডেল কলেজ নামকরণের সম্মতি জ্ঞাপন করে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, চট্টগ্রাম কর্তৃক ০৬-১২-২০১৮খ্রি. তারিখ রাঙ্গামাটি পার্বত্য জেলাধীন

লংগুদ উপজেলার রাবেতা মডেল কলেজ এর নাম পরিবর্তন করে লংগদু মডেল কলেজ নামকরণের অনুমোদন পাওয়া যায়।

খ. ম্যানেজমেন্ট: বর্তমানে কলেজটিতে ৫ সদস্য বিশিষ্ট এডহক কমিটি রয়েছে:

১। জনাব প্রবীর কুমার রায়, উপজেলা নির্বাহী অফিসার, লংগদু

২। জনাব আব্দুল বারেক সরকার, উপজেলা চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা আওয়ামীলীগ

৩। জনাব মো: এখলাস মিয়া খান, সভাপতি, উপজেলা প্রেস ক্লাব

৪। জনাব ড. মুহাম্মদ ঈসা কাদেরী, শিক্ষক, লংগদু মডেল কলেজ

৫। জনাব মুহাম্মদ শহীদুল্লাহ, অধ্যক্ষ, লংগদু মডেল কলেজ

গ. প্রতিষ্ঠার তারিখ: প্রতিষ্ঠানটি ০১ নভেম্বর ১৯৯৫ খ্রি. প্রতিষ্ঠিত এবং ০১ অক্টোবর ২০০১ খ্রি. এমপিওভুক্ত হয়।

সংযুক্তি: বর্ণনা মতে।



১৬-৭-২০১৯

রনি চাকমা
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ৯৫৭৭৪২৫

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
প্রধানমন্ত্রীর কার্যালয়

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭.২০০/১(৭)

তারিখ: ১ শ্রাবণ ১৪২৬
১৬ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি
৪) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) অধ্যক্ষ, ...।
৭) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-৭-২০১৯

রনি চাকমা
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)